গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩
www.shed.gov.bd

নম্বর-৩৭.০০.০০০০.০৬৮.০১১.০১০.২০১৮. ২৭৩

তারিখ: ১৭ চৈত্র ১৪২৫ / ৩১ মার্চ ২০১৯

**প্রজ্ঞাপন**

বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আব্দুল মোমিন (১৭১৩৫১১৬০০১), প্রভাষক (কৃষিবিজ্ঞান), নওয়াব ফয়জুন্নেসা সরকারি কলেজ, লাকসাম, কুমিল্লা এর বি.সি.এস. (কৃষি) ক্যাডারে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে চাকরি হওয়ায় তাকে গত ০২.০৯.২০১৮ তারিখ হতে বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের চাকরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩১।০৩।২০১৯
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন/অর্থ বিভাগ/স্বরাষ্ট্র/স্বাস্থ্য/তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অধ্যক্ষ, নওয়াব ফয়জুন্নেসা সরকারি কলেজ, লাকসাম, কুমিল্লা ।
৭ .সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .................................।
১২. জনাব মোঃ আব্দুল মোমিন (১৭১৩৫১১৬০০১), প্রভাষক (কৃষিবিজ্ঞান), নওয়াব ফয়জুন্নেসা সরকারি কলেজ, লাকসাম, কুমিল্লা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫২.১৭. তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ / ০১ এপ্রিল ২০১৯

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রভাষক (পদার্থবিদ্যা), বি এম কলেজ, বরিশাল এর বিরুদ্ধে সিলেট মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-১ম আদালত সিআর-১০১/২০১৭ মামলা দায়ের করা হয়। এ পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা গত ১২ জুলাই ২০১৭ তারিখ হাজির হয়ে স্থায়ী জামিনের জন্য আবেদন করলে আবেদন না-মঞ্জুর করে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলামকে বি.এস.আর. (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ১২.০৭.২০১৭ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রভাষক (পদার্থবিদ্যা), বি এম কলেজ, বরিশাল কে বি.এস.আর. (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং- ED(Reg.VII) S- ১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ১২.০৭.২০১৭ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ৩১.০৩.২০১৯
(মোঃ সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫২.১৭. ১৭৫/১(৭) তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ / ০১ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, বি এম কলেজ, বরিশাল।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
৭. জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রভাষক (পদার্থবিদ্যা), বি এম কলেজ, বরিশাল।

০২/০৪/২০১৯
(জাকিয়া খানম)
যুগ্মসচিব

E:\Office\New folder\Letter of Suspention.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩০.১৭. তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ / ০১ এপ্রিল ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আবদুল মোনায়েম (৯৪১০ প্রাক্তন সহকারি অধ্যাপক ( (ইংরেজি), বান্দরবান সরকারি কলেজ বান্দরবান ,গত ২৪/০৪/২০১১ তারিখ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক ''অসদাচরণ'' ও "ডিজারশন" এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন। গত ০৭.১২.২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে অভিযুক্ত কর্মকর্তার কাছে সুস্পষ্ট বক্তব্য চাওয়া হলে তিনি কোন সন্তোষজনক কারণ বা ব্যাখ্যা উপস্থাপন করতে পারেননি। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়। তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। নোটিশের জবাব আসেনি এবং নোটিশটি ফেরত আসেনি।

যেহেতু, জনাব মোঃ আবদুল মোনায়েম এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদন্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী ''চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে;

সেহেতু, জনাব মোঃ আবদুল মোনায়েম (৯৪১০(ইংরেজি) প্রাক্তন সহকারি অধ্যাপক (, বান্দরবান সরকারি কলেজ , বান্দরবান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদন্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী " চাকরি হতে অপসারণ (Removal from Service)"করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ০১.০৪.২০১৯
(মোঃ সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩০.১৭.১৭৬/১(১০) তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ / ০১ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ আবদুল মোনায়েম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অধ্যক্ষ, বান্দরবান সরকারি কলেজবান্দরবান ,।
৭। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বান্দরবান।
১০। জনাব মোঃ আবদুল মোনায়েম (৯৪১০(ইংরেজি) প্রাক্তন সহকারি অধ্যাপক (, বান্দরবান সরকারি কলেজবান্দরবান ,।

০১.০৪.২০১৯
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.১৭. তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ / ০১ এপ্রিল ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ আলী আকবর (১৪৩২৭), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), নবীনগর সরকারি কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া এর বিরুদ্ধে দায়িত্ব অবহেলা কর্তৃপক্ষের সাথে অশোভন, কুরুচিপূর্ণ ও ঔদ্ধত্য আচরণের অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী ''অসদাচরণ'' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ০৩.০৩.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানীতে তিনি তার অনিচ্ছাকৃত ভূলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন এবং ভবিষতে তিনি দাপ্তরিক সকল কাজ দায়িত্বের সাথে পালন করবেন, এ বিষয়ে সচেতন থাকার অঙ্গীকার করেন। সার্বিক বিবেচনায় তাকে ভবিষতের জন্য সর্তক করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানসহ অন্যত্র বদলী করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ আলী আকবর (১৪৩২৭), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), নবীনগর সরকারি কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষতের জন্য সর্তক করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো এবং অন্যত্র বদলী করার জন্য সরকারি কলেজ-১ শাখাকে নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ০১.০৪.২০১৯
(মোঃ সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.১৭. ১৭৭/১(৭) তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ / ০১ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ রমজান আলী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অধ্যক্ষ, নবীনগর সরকারি কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া।
৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ..................................।
৯। জনাব মোহাম্মদ আলী আকবর (১৪৩২৭), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), নবীনগর সরকারি কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া ।

০১/০৪/২০১৯
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬